(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

**বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ**

প্রধান কার্যালয়ঃ দুগ্ধ ভবন

১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮

www.milkvita.org.bd

স্মারক নং- মিই/প্রশা- ২৮২/৫/২০২২/১৫

তারিখ : ২৩ বৈশাখ ১৪৩০ / ০৬ মে ২০২৩

## সভার নোটিশ

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ইউনিয়ন) এর ব্যবস্থাপনা কমিটির ৬ষ্ঠ সভা আগামী ০৯/০৫/২০২৩খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ০২:০০ ঘটিকায় মিল্ক ইউনিয়নের প্রধান কার্যালয়স্থ (১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা) সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। শেখ নাদির হোসেন, চেয়ারম্যান, মিল্ক ইউনিয়ন, উক্ত সভায় সভাপতিত্ব করবেন।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সভায় নির্ধারিত তারিখ ও সময়ে ব্যবস্থাপনা কমিটির সম্মানিত সদস্যগণ-কে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

দীপঙ্কর মন্ডল
ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব)
ফোন : +৮৮ ০২ ৮৮৭০৪৩২
ই-মেইল : md@milkvita.org.bd

**আলোচ্যসূচি :**

১. গত ১০ জানুয়ারি, ২০২৩খ্রি: তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা কমিটি'র ৫ম সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. ব্যবস্থাপনা কমিটি'র ৫ম সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৩. মিল্ক ইউনিয়নের ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ অর্থ বছরের ডিসেম্বর, জানুয়ারি, ফেব্রুয়ারি এবং মার্চ মাসের তুলনামূলক আয়-ব্যয় হিসাব।
৪. ইম্প্রেষ্ট ফান্ড হতে বিভিন্ন দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের অফিস পরিষ্কার-পরিচ্ছন্নতা বাবদ খরচ অন্তর্ভূক্তকরণ।
৫. ইম্প্রেষ্ট ফান্ড বৃদ্ধি ও ০৫ (পাঁচ)টি নতুন দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের অনুকূলে ইম্প্রেষ্ট ফান্ড বরাদ্দের ঘটনাত্তোর অনুমোদন।
৬. সহকারী ব্যবস্থাপক নিয়োগ সংক্রান্ত বিষয়ে আলোচনা।
৭. আর্থিক অনুদান।
৮. দৈনিক হাজিরাভিত্তিক চিঠিপ্রাপ্ত, চিঠি বিহীন শ্রমিক-কর্মচারীদের বিশেষ ভাতা প্রদান বিষয়ে ঘটনাত্তোর অনুমোদন।
৯. মিল্কভিটা প্রিপারেটরী স্কুল (বাঘাবাড়ীঘাটে) শূণ্য পদে শিক্ষক নিয়োগ বিষয়ে আলোচনা।
১০. শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের ফান্ড হতে প্রধান কার্যালয়ের স্টাফ বাস ক্রয়ের জন্য প্রদেয় ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা শ্রমিক-কর্মচারী ইউনিয়নের ফান্ডে ফেরত প্রদান বিষয়ে আলোচনা।
১১. ই-জিপি সিস্টেমে ক্রয় প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে নতুন'ক্রয়কারী Procuring Entity অফিস খোলা।
১২. ই-জিপি সিস্টেমে অভ্যন্তরীণ উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে ডিডিপি'র জন্য ½ লিটার প্লাষ্টিক কন্টেইনারের ফয়েল সিমিংয়ের জন্য সেমিং মেশিন ক্রয় অবহিতকরণ।
১৩. ই-জিপি সিস্টেমে অভ্যন্তরীণ উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে ডিডিপি'র প্যাকিং কাজে ব্যবহারের জন্য মিষ্টি দধির কার্টুন, লাইনার বোর্ড এবং কাপ লিড ক্রয় অবহিতকরণ।
১৪. অভ্যন্তরীণ উন্মুক্ত পুনঃদরপত্র আহ্বানের মাধ্যমে সি এন্ড এফ এজেন্ট নিয়োগ।
১৫. আন্তর্জাতিক উন্মুক্ত পুনঃদরপত্র আহ্বানের মাধ্যমে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন এজেন্ট নিয়োগ।
১৬. ই-জিপি সিস্টেমে অভ্যন্তরীণ উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে মুদ্রণ সামগ্রীসমূহ ক্রয়।
১৭. ই-জিপি সিস্টেমে অভ্যন্তরীণ উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে টায়ার ক্রয়।
১৮. টেকেরহাট ও রায়পুর মহিষ খামারের ছাঁটাইকৃত মহিষ বিক্রয় এবং প্রজননক্ষম বকনা ও ষাঁড় বাছুর বিতরণ বিষয়ে আলোচনা।
১৯. তরল দুধের ক্রয় মূল্য বৃদ্ধির ঘটনাত্তোর অনুমোদন।
২০. নগদ মূল্যে দুগ্ধ ক্রয়ের ঘটনাত্তোর অনুমোদন।
২১. বিভিন্ন দুগ্ধ এলাকার চাহিত গাভী ঋণ প্রদান।
২২. মিল্ক ইউনিয়নের উপ-আইন সংশোধন সংক্রান্ত সংশোধনীসমূহ আলোচনা।
২৩. দুগ্ধ বিল হতে শেয়ার ক্রয় বাবদ ০.৪০ টাকা এবং সিডিএফ বাবদ ০.৬০ টাকা কর্তন সাময়িকভাবে বন্ধ রাখার বিষয়ে আলোচনা।
২৪. মিল্কভিটা দুগ্ধ পণ্য সামগ্রির বিক্রয় মূল্য পুনঃনির্ধারণ।

চলমান/পাতা-২

২৫. মিল্কভিটা খেঁজুর গুড়ের ছানা সন্দেশ এর বিক্রয় মূল্য পুনঃনির্ধারণ।
২৬. সিরাজগঞ্জের বাঘাবাড়ীঘাটে গুঁড়ো দুগ্ধ কারখানা স্থাপন শীর্ষক প্রকল্পের প্রসেস ভবনের ছাদে পেটেনস্টোন ঢালাই, অভ্যন্তরে দরজা-জানালা স্থাপন ও আনুসাঙ্গিক সিভিল কাজের দরপত্র প্রস্তাব মূল্যায়ন কমিটির সুপারিশকৃত সফল দরদাতা "মেসার্স এইচ এম ইঞ্জিনিয়ারিং" এর অনুকূলে কার্যাদেশ প্রদানের চূড়ান্ত অনুমোদন।
২৭. সাথিয়া দুগ্ধ কারখানার জন্য নির্ধারিত ভূমিতে দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের ভবন ও রেস্ট হাউজ নির্মাণ এবং আনুসাঙ্গিক সিভিল কাজের দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে সমবায় অধিদপ্তরের পূর্ব অনুমোদন।
২৮. দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রামের পটিয়ায় দুগ্ধ কারখানা স্থাপন শীর্ষক প্রকল্পের উৎপাদন কাজের জন্য গ্যাস লাইনের সংযোগ সংক্রান্ত বিষয়ে আলোচনা।
২৯. দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিক এবং এলএফএআই নিয়োগ সংক্রান্ত বিষয়ে আলোচনা।
৩০. পাস্তুরিত স্ট্যান্ডার্ড ও টোনড মিল্ক এর বিক্রয় মূল্য পুন:নির্ধারণ বিষয়ে আলোচনা।
৩১. মিল্কভিটার উৎপাদিত পণ্য-সামগ্রী ভ্রাম্যমান বিক্রয়ের বিষয়ে আলোচনা।
৩২. বিবিধ।

বিতরণ :

জনাব ...............................................

স্মারক নং- মিই/প্রশা- ২৮২/৫/২০২২/১৫/১(১১)

তারিখ : ২৩ বৈশাখ ১৪৩০ / ০৬ মে ২০২৩

<u>অনুলিপি :</u> সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. মহাব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
৬. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
৭. প্রকল্প পরিচালক (সকল), মিল্ক ইউনিয়ন।
৮. উপ-মহাব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা (নিরীক্ষা), মিল্ক ইউনিয়ন।
১০. চেয়ারম্যান, মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অফিস নথি/মাস্টার কপি।

মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও নিরীক্ষা)
মিল্ক ইউনিয়ন।